# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নং-বিটিআরসি/এলএল/আইজিডব্লিউ(৩৮৩)পার্ট-৩/২০১৩-৬৪০

তারিখঃ ০৮-০৭-২০১৪

**বিষয়ঃ রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানী এন্ড ফার্মস (RJSCF) হতে টেলিকম সেবার লাইসেন্সধারী কোম্পানী/প্রতিষ্ঠান এর শেয়ার মূলধনে পরিবর্তনের অনুমোদন গ্রহণের পূর্বে বিটিআরসি'র অনাপত্তি/সম্মতি গ্রহণের বিষয়টি নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর ধারা ৩৭(২)(ঝ) এবং সংশ্লিষ্ট লাইসেন্সের শর্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর ধারা ৩৭(২)(ঝ) এর বিধান, টেলিযোগাযোগ সংক্রান্ত লাইসেন্সিং গাইডলাইন্স এবং সংশ্লিষ্ট লাইসেন্সের শর্তানুযায়ী বিটিআরসি হতে টেলিকম সেবার লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান/কোম্পানী, সমিতি বা অংশীদারী কারবার হলে উক্ত কোম্পানী, সমিতি বা অংশীদারী কারবারের শেয়ার মূলধনে বা মালিকানায় এমন কোন পরিবর্তন করা, যার ফলে উক্ত লাইসেন্স দ্বারা অনুমোদিত কাজকর্মের নিয়ন্ত্রণ হস্তান্তরিত হয়, সেক্ষেত্রে সরকার/কমিশনের পূর্বানুমতি গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। অর্থাৎ কমিশন হতে টেলিকম সেবার লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের শেয়ার মূলধনে পরিবর্তন, নতুন শেয়ার ইস্যু ও বন্টন, পরিচালনা পর্ষদের পরিবর্তন এবং নতুন শেয়ারহোল্ডার অন্তর্ভুক্তকরণের বিষয়ে সরকারের পূর্বানুমোদন গ্রহণের আইনগত বাধ্যবাধকতা রয়েছে। বিটিআরসি হতে লাইসেন্সপ্রাপ্ত কোম্পানী/প্রতিষ্ঠান এর শেয়ার মূলধনসহ অন্য যে কোন পরিবর্তনের অনুমোদন প্রদানের পূর্বে সরকার/বিটিআরসি হতে সংশ্লিষ্ট কোম্পানী/প্রতিষ্ঠান কে অনাপত্তি/সম্মতি প্রদান করা হয়েছে কি না তা নিশ্চিত করতে RJSCF-কে ইতোমধ্যে অনুরোধ করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বিটিআরসি হতে লাইসেন্সপ্রাপ্ত কিছু সংখ্যক কোম্পানী/প্রতিষ্ঠান বিটিআরসির অনুমোদন না নিয়ে RJSCF হতে তাদের শেয়ার মূলধনসহ অন্যান্য পরিবর্তনের অনুমোদন গ্রহণ করছে, যা বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান, সংশ্লিষ্ট গাইডলাইন ও লাইসেন্সের শর্তের ব্যত্যয়।

এমতাবস্থায়, বিটিআরসি হতে টেলিকম সেবার লাইসেন্সপ্রাপ্ত যে কোন কোম্পানী/প্রতিষ্ঠান এর শেয়ার মূলধনসহ অন্য যে কোন মালিকানা সংক্রান্ত পরিবর্তনের কার্যক্রম গ্রহণ অর্থাৎ RJSCF-এ তৎসংশ্লিষ্ট আবেদন দাখিলের পূর্বে সরকার/বিটিআরসি হতে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট কোম্পানী/প্রতিষ্ঠান-কে এ সংক্রান্ত অনাপত্তি/সম্মতি গ্রহণ করতে অনুরোধ করা হলো। অন্যথায় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান, টেলিযোগাযোগ সেবা সংক্রান্ত লাইসেন্সিং গাইডলাইন্স এবং সংশ্লিষ্ট লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে কমিশন হতে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(এম. এ. তালেব হোসেন) ৭/৭/১৪
পরিচালক (লাইসেন্সিং)
লীগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ
ফোনঃ ৯৫৫৪৪৮৯

বিতরণঃ

১। সকল আইজিডব্লিউ অপারেটরস।
২। সকল আইসিএক্স অপারেটরস।
৩। সকল আইআইজি অপারেটরস।
৪। সকল নিক্স অপারেটরস।
৫। সকল বিডব্লিউএ অপারেটরস।
৬। সকল সেলুলার মোবাইল অপারেটরস।
৭। সকল আইটিসি অপারেটরস।
৮। সকল পিএসটিএন অপারেটরস।
৯। সকল এনটিটিএন অপারেটরস।
১০। সকল ভিস্যাট অপারেটরস।
১১। সকল ভিটিএস অপারেটরস।
১২। সকল আইপিটিএসপি অপারেটরস।
১৩। সকল আইএসপি অপারেটরস।
১৪। সকল কলসেন্টার অপারেটরস।
১৫। সকল ভিএসপি অপারেটরস।

ফোন : +৮৮ ০২ ৭১৬২২৭৭, ফ্যাক্স : +৮৮ ০২ ৯৫৫৬৬৭৭, ৯৫৬৭৭৫৫, ই-মেইল : info@btrc.gov.bd, ওয়েব : www.btrc.gov.bd